দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... NOV. 1 1999
পৃঃ ৫৪ কলাম ৭

5

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেশন জট কমাইতে একটি প্রস্তাব

গত ১১ই অক্টোবরের দৈনিক ইত্তেফাকে দেখিলাম, শিক্ষা বিষয়ক সংসদীয় কমিটির এক সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনিয়ম রোধে পর্যালোচনা কমিটি গঠন এবং বিশ্ববিদ্যালয়কে সংসদে জবাবদিহি করার আইন প্রণয়নের জন্য আহবান করা হয়। ইহা প্রশংসনীয় একটি উদ্যোগ। ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীতে প্রথম স্থান প্রাপ্তদের বিশ্ববিদ্যালয়েই শিক্ষকতার সুযোগ দেওয়া হয়। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয়ে এ ধরনের কোন সুযোগ-সুবিধার ব্যবস্থা নাই। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফলাফল বাহির হইতে দীর্ঘসূত্রতা যেন স্বাভাবিক নিয়মে পরিণত হইয়াছে। এই অবস্থা হইতে উত্তরণের জন্য অত্র বিশ্ববিদ্যালয় হইতে যে ২০ জন মেধা তালিকায় থাকে তাহাদেরকে পরীক্ষক কমিটিতে সংশ্লিষ্ট করা যাইতে পারে। বর্তমানে প্রতি পেপার (অনার্স-মাষ্টার্স) দুই জন শিক্ষক দেখিয়া থাকেন। প্রতি পেপারে পরীক্ষক হিসাবে মেধা তালিকায় স্থান প্রাপ্তদের একজন অভিজ্ঞ শিক্ষকের অধীনে নিয়োগ করা হইলে অনেক কম সময়ে ফলাফল ঘোষণা করা সম্ভব হইবে। প্রস্তাবটি বিবেচনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মুঃ মাহবুবুর রহমান (মিঠু),
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।